# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ২৩২/ক/স্বী/২০০২/১৪৯ তারিখ : ২১/০৭/২০২১

বিষয়: গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলাধীন "নেছারউদ্দিন তালুকদার উচ্চ মাধ্যমিক বিদ্যালয়" এর ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/সভাপতি কে তৃতীয় বার কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: ক) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-২৩২/ক/স্বী/২০০২/১২৬১, তারিখ: ১৮/০২/২০২১।
খ) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-২৩২/ক/স্বী/২০০২/১২৪৪, তারিখ: ০৬/০১/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলাধীন "নেছারউদ্দিন তালুকদার উচ্চ মাধ্যমিক বিদ্যালয়" এর সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষকে বোর্ড কর্তৃক সূত্রোক্ত পত্রসমূহের নির্দেশনা অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাসহ সমুদয় প্রাপ্য প্রদানের অনুরোধ করা হয়েছিল। লক্ষ্য করা যাচ্ছে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক / সভাপতি কর্তৃক বারবার বোর্ডের এ নির্দেশনা বাস্তবায়ন না করে অমান্য করা হচ্ছে।

এমতাবস্থায়, আপনার বিরুদ্ধে কেন বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে সুস্পষ্ট মতামত ব্যাখ্যাসহ ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে লিখিত জবাব জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় গভর্নিং বডি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর আবু তালেব মো: মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৮৬১২৪৭৬
ic@dhakaeducationboard.gov.bd

ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/সভাপতি
নেছারউদ্দিন তালুকদার উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
কোটালীপাড়া , গোপালগঞ্জ ।